



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৮.০০.২০৭.১৩- ৪০৪৪

তারিখঃ ২০/১১/২০১৬ খ্রিস্টাব্দ।

প্রতি,  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
উপজেলাঃ....., জেলাঃ.....।

বিষয়ঃ প্রকল্পের মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ এবং মোবাইলে ক্ষুদে বার্তার অর্থ প্রেরণ।

সূত্রঃ স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২০৭-১৩-৩৭৩৪ তারিখঃ ২৮/০৪/২০১৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের সার্ভিস চার্জ ও মোবাইলে ক্ষুদে বার্তা (SMS) প্রেরণের ব্যয় নির্বাহের জন্য সূত্রস্থ পত্র মূলে মার্চ/২০১৬ থেকে প্রতি উপজেলা হতে প্রতি মাসে (১৭০০+৮০০) = ২৫০০.০০ টাকা হারে ০৩ মাস অন্তর ৭৫০০.০০ (সাত হাজার পাঁচশত) টাকা প্রকল্প সদর দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু জুন-আগস্ট ০৩ মাস অতিক্রান্ত হলেও অদ্যাবদি কোন উপজেলা থেকেই উক্ত অর্থ পাওয়া যায়নি। এতে প্রতিয়মান হয় সূত্রস্থ স্মারকের পত্রটি যথাযথ গুরুত্ব দেয়া হয়নি; যা মোটেই কাম্য নয়।

২। বর্ণিত সার্ভিস চার্জ ও ক্ষুদে বার্তার (SMS) ব্যয় বাবদ জুন-সেপ্টেম্বর/২০১৬ এই ০৪ (চার) মাসের মোট (২৫০০/-\*৪) = ১০,০০০/- (দশ হাজার) টাকা আগামি ৩০/১১/২০১৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য এবং পরবর্তি প্রতি ত্রৈমাস অন্তর ৭৫০০.০০ (সাত হাজার পাঁচশত) টাকা প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

৩। ডিডি/পে অর্ডার, IRESPPW, BRDB, DHAKA, শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, ওয়াসা কর্পোরেট শাখা, কাওরান বাজার, ঢাকা এর অনুকূলে প্রেরণ করতে হবে। ডিডি/পে অর্ডার সরাসরি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করা যাবে।

মোহাম্মদ মাহিদুর রহমান মোল্লা  
উপপ্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, সংশ্লিষ্ট জেলাঃ .....
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ....., জেলাঃ.....।
৭. সংশ্লিষ্ট নথি।